ESTD - 2003

Mob. : 9831188739
(:033-65198316

LIFE FRONT OF HUMAN RIGHTS

A Society is pursuit of freedom & joy of life
Regd. No. - S/1L/59288/09
Regd. & Head Office :
ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S.-SANKRAIL
HOWRAH - 711 302 (W.B.)
Email-lifefront@indiatimes.com.
www.lfohr.webs.com

Ref. No. O/63/05/13 Date 10.1.2013

To,
The Chairperson,
National Human Rights Commission
Foridkot House
Copernicas Marrg
New Delhi – 110001

বিষয় :- পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশ ও G.R.P অফিসাররা মানবাধিকার রক্ষা আইন কিছুটা মানলেও এখন পর্যন্ত পশ্চিমবঙ্গ সহ কোন রাজ্যের **R.P.F** পুলিশ ও কোলকাতা পুলিশ কোনভাবেই মানছেন না ও টাঙাচ্ছেন না আমাদের দেওয়া আপনাদের গ্রেপ্তার সংক্রান্ত নির্দেশিকা, ফলে মানবাধিকার লঙ্ঘনকারী-দের বিরুদ্ধে আইনানুগ বিশেষ ব্যবস্থা গ্রহন পূর্বক আমাদের দেওয়া ‘‘জাতীয় মানবাধিকার কমিশনের গ্রেপ্তার সংক্রান্ত নির্দেশিকা’’ প্রতি থানায় টাঙানোর কড়া নির্দেশ দেওয়ার জন্য অনুরোধ জানিয়ে আবেদন পত্র।

মহাশয়,

প্রথমে জানাই আপনার প্রতি আমার আন্তরিক ভালোবাসা এবং নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা। আমাদের সংগঠনের তরফ হইতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়-কে বিগত Ref No-O/10/11 Dated-26/5/11তারিখে একটি আবেদন পত্র পাঠাই বিষয় ছিল ‘‘জাতীয় মানবাধিকার কমিশনের’’ **Directives of N.H.R.C Regarding Arrest** এর কিছু নির্দেশনামা রাজ্যের প্রতিটি থানায় টাঙানোর এবং আমাদের মত সক্রিয় মানবাধিকার সংগঠনের কর্মীরা থানায় গেলে বিভিন্নভাবে বাধা প্রাপ্ত হন এবং অপমানিত হন রাজ্য পুলিশ বিশেষত কলকাতা পুলিশের কাছে। মুখ্যমন্ত্রীকে দেওয়া পত্রের উত্তর না পাওয়ায় রাজ্যের রাজ্যপাল-কে একটি আবেদন পত্র পাঠাই যার Ref No-O/15/11 Dated-18/8/11. পরবর্ত্তী রাজভবন হইতে ডি.কে. গৌতম মহাশয় Addi.Chief Secretary.Home Depertment.-কে জানান যার Memo No-3861/1-S Dated- 12/10/11. তার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীকে Ref No-O/22/11 Dated - 21/9/11 তারিখে পুনরায় আর একটি আবেদন পত্র পাঠাই কিন্তু তাহার দপ্তর উক্ত বিষয় নিয়ে কি ভাবনা চিন্তা করছেন তাহা আমাদের কিছুই জানান না। অন্য ভাবে আমরা রাজ্যের কিছু পুলিশ সুপার ও G.R.P অফিস থেকে জানতে পারি যে, রাজ্যের প্রতিটি পুলিশ সুপারের দপ্তরে আমাদের মুখ্যমন্ত্রীকে পাঠানো Ref No-O/22/11 এর পত্র সহ একটি নোটিশ যায় DG & IG-র দপ্তর হইতে তাতে লেখা থাকে যে, ‘‘সমস্ত থানায় মানবাধিকার বোর্ড টাঙানোর জন্য’’ নির্দেশ ইত্যাদি। আমরা সংগঠনের তরফে রাজ্যের ১৯টি জেলার পুলিশ সুপার সহ G.R.P-র R.O অফিসারের সহিত যোগাযোগ করি এবং ‘‘জাতীয় মানবাধিকার কমিশনের’’ নির্দেশিকার একটি CD করে পাঠাই এবং ওনাদের বলা হয় যে, প্রতি থানায় টাঙানোর জন্য এবং এমন ভাবে তা বড় করে ফ্লেক্স এর ন্যায় টাঙাতে হবে যাহাতে থানায় প্রবেশ করার সময় যে কোন ব্যক্তির নজরে আসে এবং উহা পড়তে পারেন, ছোট করে টাঙানো যাবে না তাহা হইলে তাহাকে পুনরায় টাঙাতে হইবে।

Mob. : 9831188739
(:033-65198316

ESTD - 2003

LIFE FRONT OF HUMAN RIGHTS

A Society is pursuit of freedom & joy of life
Regd. No. - S/1L/59288/09
Regd. & Head Office :
ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S.-SANKRAIL
HOWRAH - 711 302 (W.B.)
Email-lifefront@indiatimes.com.
www.lfohr.webs.com

Ref. No. O/GS/05/13 Date....................20

প্রতি জেলার পুলিশ সুপার-রা ও G.R.P, R.O অফিসাররা আমাদের সহিত মিলিত হয়ে যথেষ্ট সহযোগীতা করছেন ইহাতে আমরা মানবাধিকার কর্মীরা যথেষ্ট আনন্দিত কিন্তু কোলকাতা পুলিশ তা কোনভাবেই মানছেন না ও পশ্চিমবঙ্গের **R.P.F** অফিসাররা বিশেষত (কয়লাঘাটা ও গাডেনরীচ) আমাদের এই বোর্ড টাঙাননি এখন পর্যন্ত। আমি গত 4/7/12 তারিখে আপনাদের দপ্তরে একটি এই বিষয়ে অভিযোগ পত্র পাঠাই যার Ref no - O/GS/62/12 এর ফলে আপনার দপ্তর হইতে গত 20/08/12 তারিখ একটি নির্দেশিকা DG, R.P.F, Rail Bhawan Dilhi কে পাঠান, ফলে গাডেনরীচ **R.P.F** অফিসাররা ঐ নির্দেশিকা পেয়ে যোগাযোগ করলে আমাদের অফিস হইতে বাংলা ও ইংরাজিতে তৈরী করা CD প্রদান করা হয় কিন্তু আজও পর্যন্ত কোন থানায় ফ্লেক্স এর ন্যায় টাঙানো হয়নি। কয়লাঘাটার **R.P.F** অফিসাররা আজও পর্যন্ত যোগাযোগ করেননি বরং আমরা দেখা করতে গেলে দেখা করতে দেওয়া হয়নি। এই ভাবে ওনারা দীর্ঘদিন ধরিয়া মানবাধিকার লঙ্ঘন করেই চলেছে। **R.P.F** অফিসাররা বেআইনি ভাবে গ্রেপ্তার করে ও আটকে রাখে। কোন **R.P.F** অফিসার G.R.P বা রাজ্য পুলিশ-কে মানেন না। ট্রেনে বিভিন্নভাবে যাত্রীরা **R.P.F** পুলিশের কাছে হেনস্থা হন বিশেষত মহিলা যাত্রীদের বিভিন্নভাবে অশ্লীন আচরন করেন এবং চেকার অর্থাৎ টিকিট পরীক্ষকরা বেআইনি ভাবে যাত্রীদের হেনস্থা করেন, বেআইনি ভাবে রেলের কোন ঘরে দরজা বন্ধ করে আটক করে রাখে ঘন্টার পর ঘন্টা। রেল যাত্রীরা অনেক সময় **R.P.F ও রেল পরীক্ষক** -দের অত্যাচারের ভয়ে ভীত হয়ে চলন্ত ট্রেন হইতে ঝাঁপ দেয় তাহা আপনার অজানা নয়। এইভাবে R.P.F **পুলিশ ও টিকিট পরীক্ষক**-রা মানবাধিকার লঙ্ঘন করেই যাচ্ছেন এই বিষয়ে প্রাক্তন রেলমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে জানানো হয়। বর্তমানে কোন রাজ্য ও কেন্দ্রীয় মন্ত্রীরা প্রতিবাদ করেন না বা উক্ত মানবাধিকার লঙ্ঘন কারী ব্যক্তিদের বিরুদ্ধে কোন আইনানুগ ব্যাবস্থা গ্রহন করেন নাই।

অতএব, মহাশয় আপনার কাছে আমার বিনীত নিবেদন এই যে, **R.P.F** পুলিশ এবং কোলকাতা পুলিশ অফিসে ও বাইরে এমন ভাবে তা বড় করে ফ্লেক্স এর ন্যায় টাঙাতে হবে বাংলা ও ইংরাজিতে যাহাতে থানায় প্রবেশ করার সময় বা পথচলতি যে কোন ব্যক্তির নজরে আসে এবং উহা পড়তে পারেন বিশেষত জনবহুল ষ্টেশনে যেমন - হাওড়া, শিয়ালদহ, খড়গপুর, শিলিগুড়ি ইত্যাদি। শীঘ্রই মানবাধিকার সংক্রান্ত বোর্ড টাঙানোর নির্দেশ দেওয়া হউক বা এই পত্রের জেরক্সকপি পাঠানো হউক, প্রয়োজনে ওনারা আমাদের সহিত যোগাযোগ করুক সমস্ত রাজ্য পুলিশের মত। এবং **R.P.F** ও **টিকিট পরীক্ষকরা** যেন কোন ভাবেই মানবাধিকার লঙ্ঘন না করে তার জন্য কড়া পদক্ষেপ গ্রহন করা ও মানবাধিকার লঙ্ঘন কারীর বিরুদ্ধে আইনত বিশেষ ব্যবস্থা নিলে আমাদের সংগঠনের পক্ষ হইতে আমি আপনার কাছে বাধিত থাকিব।

LIFE FRONT OF HUMAN RIGHTS
General Secretary
ANDUL, HOWRAH

সৌমেন দাস
সর্বভারতীয় সাধারণ সম্পাদক

Copy to forwarded :

1. The Director General, Railway Protection Force, Rail Bhawan, New Delhi